গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ১২তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | দিলীপ কুমার সাহা<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ৩১/০৩/২০১৯ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | ১. জনাব মোঃ সুজায়েত উল্ল্যা, পরিচালক (আরকাইভস) ও সদস্য, নৈতিকতা কমিটি; ২. জনাব আক্তারুজ্জামান মোহাম্মদ মোস্তফা কামাল, পরিচালক (গ্রন্থাগার), ৩. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার ও সদস্য, নৈতিকতা কমিটি; ৪. জনাব তাহমিনা আক্তার, উপপরিচালক (আ:), চ.দা. ও সদস্য, নৈতিকতা কমিটি; ৫. জনাব মোঃ জামাল উদ্দিন, উপপরিচালক/চীফ বিবলিগ্রাফার, চ.দা. ও সদস্য, নৈতিকতা কমিটি |

**আলোচনা :** কমিটির সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায়সমূহ চিহ্নিত করে তা তড়িৎ দূরীকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসময় সভাকে অবহিত করা হয় যে, বিগত সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। বিগত ১১তম সভার সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতি-

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | অধিদপ্তরের শূন্য পদে জনবল নিয়োগ করা। | ৭ ও ৮ ডিসেম্বর লিখিত পরীক্ষা শেষে জনবল নিয়োগ দেওয়া হয়েছে। |
| ২. | সেবা প্রদানের ক্ষেত্রে জনবলে দৃষ্টিভঙ্গি পরিবর্তন | ২০ এবং ২৫ নভেম্বর ২০১৮ তারিখে কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। |
| ৩. | পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা। | উপপরিচালকদ্বয় নিয়মিতভাবে তদারকি করছেন। |

সভায় বিগত সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। অন্যান্য বিষয় আলোচনার পর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা প্রতিষ্ঠায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

**সিদ্ধান্ত :**

| **ক্রমিক নং** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নের দায়িত্ব** | **মন্তব্য** |
|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটিতে পরিচালক (গ্রন্থাগার) কে কো-অপ্ট করা হয়। | মহাপরিচালক | বাস্তবায়িত |
| ২. | অধিদপ্তরে কমিটিভিত্তিক Viber Group চালু করা হবে। | সকল কমিটির সদস্য-সচিব | প্রোগ্রামার সার্বিক সহযোগিতা প্রদান করবেন। |
| ৩. | অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে আন্তঃসম্পর্ক উন্নয়নে এপ্রিল ২০১৯ মাসে প্রশিক্ষণের আয়োজন করা হবে। | চীফ বিবলিওগ্রাফার/ উপপরিচালক | |
| ৪. | বিকল্প কর্মকর্তা/কর্মচারীর অফিস আদেশ এর সংশোধনী আদেশ জারি করা হবে। | উপপরিচালক (আ:) | |
| ৫. | সকল উর্ধ্বতন কর্মকর্তা অধীনস্থদের হাজিরা পরিস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করে জবাবদিহিতার আওতায় আনবেন। | সকল কর্মকর্তা | |

| | | | |
|---|---|---|---|
| ৬. | জাতীয় শুদ্ধাচার কৌশল এবং এপিএ বাস্তবায়নের অন্তরায়সমূহ চিহ্নিত করে সমাধানের উদ্যোগ গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা | |
| ৭. | অধিদপ্তরে অগ্নি নির্বাপন ব্যবস্থায় সচেতনতা সৃষ্টি এবং যন্ত্রপাতি ব্যবহারে এপ্রিল ২০১৯ মাসে বাংলাদেশ ফায়ার সার্ভিস এণ্ড সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহযোগিতায় প্রশিক্ষণ ও মহড়ার আয়োজন করা হবে। | চীফ বিবলিওগ্রাফার/ উপপরিচালক | |
| ৮. | গবেষককে ডিজিটাল সেবা প্রদানের নিমিত্ত জাতীয় আরকাইভসের কম্পিউটার ল্যাব থেকে গবেষণাকক্ষে ০১ (এক)টি কম্পিউটার স্থানান্তর করা হবে। গবেষণাকক্ষে মোট কম্পিউটার সংখ্যা হবে ০২ (দুই)টি। | প্রোগ্রামার | এখন থেকে গবেষকদের ডিজিটাল সেবা কম্পিউটার ল্যাব এর পরিবর্তে গবেষণাকক্ষে প্রদান করা হবে। |
| ৯. | জাতীয় আরকাইভসের এসি রক্ষণাবেক্ষণের সংশ্লিষ্ট ব্যক্তিগণের পরিচয় নিশ্চিত করবেন এবং স্ট্যাকের ভিতরে প্রবেশের সময় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী সঙ্গে থাকবেন। | উপপরিচালক (আ:) | |

দিলীপ কুমার সাহা
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.৭৩

তারিখ: ২৫ চৈত্র ১৪২৫
০৮ এপ্রিল ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (আরকাইভস), পরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
২) পরিচালক (গ্রন্থাগার), পরিচালক (গ্রন্থাগার) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৪) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৫) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৬) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে)।
৭) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

মোঃ আলী আকবর
সহকারী পরিচালক (সা.দা.) এবং
সদস্য-সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়নে নৈতিকতা কমিটি